13


দৈনিক সংবাদ

তারিখ 01 APR 1998

পৃষ্ঠা ২ কলাম ৮


খুলনা বিশ্ববিদ্যালয়

# ৪শ' আসনের জন্য ৬ হাজার ফরম বিক্রি

খুলনা, ৩১শে মার্চ : খুলনা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদনপত্র বিক্রি ও জমাদানের সময়সীমা আজ শেষ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৩টি ফ্যাকাল্টির অধীন ১১ বিভাগে মোট ৪শ' আসনের জন্য ভর্তি ফরম বিক্রির সংখ্যা ৬ হাজার ৩শ'রও বেশি এবং আজ পর্যন্ত জমা পড়েছে প্রায় ৬ হাজার। এর মধ্যে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি স্কুলের অধীন ৪টি ডিসিপ্লিনের অধীন মোট ১৪০টি আসনের জন্য ভর্তি ফরম বিক্রি হয়েছে ২১ শতাধিক এবং জমা পড়েছে প্রায় ২ হাজার। জীববিজ্ঞান স্কুলের ৬টি ডিসিপ্লিনের ২১০টি আসনের জন্য মোট ভর্তি ফরম বিক্রির সংখ্যা প্রায় আড়াই হাজার এবং জমা পড়েছে ২৩ শতাধিক।